

৫৫

ভোয়ের কাগজ

তারিখ ৪-7-NOV 1997

পৃষ্ঠা ৮ কলাম ৪

ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়নি প্রধানমন্ত্রীর উপস্থিতিতে প্রকৌশলীদের বিক্ষোভ

মুলীগঞ্জ প্রতিনিধি : পূর্ব নির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন না করায় গজারিয়ায় বাউশিয়ায় গতকাল বুধবার প্রধানমন্ত্রীর সামনেই একদল প্রকৌশলী বিক্ষোভ প্রদর্শন করে। তাদের বিক্ষোভের তীব্রতা বৃদ্ধি পেলে প্রধানমন্ত্রী দ্বিতীয়বারের মতো মঞ্চ উঠে তাদের শান্ত করেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, প্রয়োজনীয় অর্থ যোগান, অবকাঠামোগত নকশা তৈরি এবং একটি জাতীয় প্রতিষ্ঠান প্রতিষ্ঠালগ্নে অপ্রত্যাশিত বিতর্ক এড়ানোর লক্ষ্যেই উক্ত কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন কর্মসূচি স্থগিত ঘোষণা করা হয়। উল্লেখ্য, ডিপ্লোমা প্রকৌশলীরা এই কলেজের বিরোধিতা করে আসছিল।

তবে প্রধানমন্ত্রী সেখানে প্রকৌশলীদের আন্তর্জাতিক সেমিনারে ভাষণ দেন। প্রকৌশলীদের বিক্ষোভের মুখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অদূর ভবিষ্যতে এ কলেজ প্রতিষ্ঠিত হবে বলে ঘোষণা দিয়ে উপস্থিত প্রকৌশলীদের আশস্ত করেন।

কিন্তু প্রধানমন্ত্রী সভাস্থল ত্যাগ করে দাউদকান্দির উদ্দেশে যাত্রা করলে প্রকৌশলীরা অপ্রীতিকর ঘটনায় জড়িয়ে পড়েন। ক্রমশ গোটা এলাকায় বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হয়। এ সময় একদল প্রকৌশলীর রক্তরোধের শিকার হন সংগঠনের সভাপতি, সাধারণ সম্পাদকসহ বেশ কজন প্রকৌশলী, তারা শারীরিকভাবে লাঞ্চিত হন। পরবর্তী সময়ে এ ঘটনাকে কেন্দ্র করে প্রকৌশলীদের মধ্যে রিফিণ্ড সংঘর্ষও হয়েছে। পুলিশ ও অন্যান্য নিরাপত্তা রক্ষীদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।